**প্রেস বিজ্ঞপ্তি**

**জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ**

**বিভিন্ন অপরাধে ৩৩টি প্রতিষ্ঠানকে ৩.৪৭ লক্ষ টাকা জরিমানা**

**৩০ অক্টোবর ২০১৬**

**বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের** প্রধান কার্যালয়, ঢাকা বিভাগীয় কার্যালয় ও বিভিন্ন জেলা কার্যালয়ের ১২ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, চট্টগ্রাম, কুমিল্লা, কুষ্টিয়া, রংপুর, শেরপুর, ফরিদপুর ও ময়মনসিংহে আজ বাজার তদারকি করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাসুম আরেফিন কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর মিরপুর এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে মেসার্স লাকী ডিপার্টমেন্টাল স্টোরকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা ও মিথ্যা বিজ্ঞাপন দ্বারা ক্রেতা সাধারণকে প্রতারিত করার অপরাধে কাসেম ভান্ডারী গোস্ত বিতানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা এবং শাহ আলী এলাকায় মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে নোয়াখালী জেনারেল স্টোরকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে যমুনা রেস্টুরেন্ট ও সাভার মিষ্টান্ন ভান্ডারকে যথাক্রমে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা ও **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকাসহ মোট **৫০,০০০/- (পঞ্চাশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের উপ-পরিচালক মোঃ আবদুল মজিদের নেতৃত্বে ঢাকা মহানগরীর তেজগাঁও এলাকায় মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে কস্তুরী ফুড এন্ড রেস্টুরেন্টকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে বনভোজন থাই চাইনিজ এন্ড বাংলা রেস্টুরেন্টকে **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকাসহ মোট **৪০,০০০/- (চল্লিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আব্দুল জব্বার মন্ডলের নেতৃত্বে ঢাকা মহানগরীর তেজগাঁও এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে হাজী রেস্তোরাকে **৮০,০০০/- (আশি হাজার)** টাকা ও পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে খাবার দাবার রেস্টুরেন্টকে **৫০,০০০/- (পঞ্চাশ হাজার)** টাকাসহ মোট **১,৩০,০০০/- (এক লক্ষ ত্রিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক বিকাশ চন্দ্র দাসের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরের চান্দগাঁও থানা এলাকায় **৩টি** প্রতিষ্ঠানকে **৩৯,০০০/- (উনচল্লিশ হাজার)** টাকা, কুমিল্লা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আছাদুল ইসলামের নেতৃত্বে কুমিল্লার মুরাদনগর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১,০০০/- (এক হাজার)** টাকা, কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সেলিমুজ্জামানের নেতৃত্বে কুষ্টিয়া সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **২৬,০০০/- (ছাব্বিশ হাজার)** টাকা, রংপুর বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মমতাজ বেগমের নেতৃত্বে রংপুর সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, শেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আরিফুল ইসলামের নেতৃত্বে শেরপুর সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৩,০০০/- (তিন হাজার)** টাকা, ফরিদপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ফেরদৌস শিকদারের নেতৃত্বে ফরিদপুর সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১২,০০০/- (বার হাজার)** টাকা, রংপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আফসানা পারভীনের নেতৃত্বে রংপুরের মিঠাপুকুর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৭,৫০০/- (সাত হাজার পাঁচশত)** টাকা, চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক নাসরিন আক্তারের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরের পাচলাইশ থানা এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা এবং ময়মনসিংহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানন্দ সিনহার নেতৃত্বে ময়মনসিংহের গৌরিপুর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৭,০০০/- (সাত হাজার)** টাকাসহ মোট **১,১৫,৫০০/- (এক লক্ষ পনের হাজার পাঁচশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়, পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করা, ওজনে কারচুপি, পণ্যের নকল প্রস্তুত বা উৎপাদনের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনী কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে রেড চিলি রেস্টুরেন্ট, Pizza Italliano (সীমান্ত স্কয়ার) এবং Sinoke Music Cafe কে যথাক্রমে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, **৩,০০০/- (তিন হাজার)** টাকা ও **৪,০০০/- (চার হাজার)** টাকাসহ মোট **১২,০০০/- (বার হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৩ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৩,০০০/- (তিন হাজার)** টাকা প্রদান করা হয়।

আজকের **১২টি** বাজার তদারকি ও **৩টি** অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৩৩টি** প্রতিষ্ঠানকে মোট **৩,৪৭,৫০০/- (তিন লক্ষ সাতচল্লিশ হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে ৩ জন অভিযোগকারীকে মং **৩,০০০/- (তিন হাজার)** টাকা প্রদান করা হয়। গত ২৮ অক্টোবর ২০১৬ তারিখে বগুড়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শরিফুল ইসলামের নেতৃত্বে বগুড়ার কাহালু উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর, মৎস্য কর্মকর্তা, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক (কার্যক্রম)

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও রংপুর মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, চট্টগ্রাম, কুমিল্লা, কুষ্টিয়া, রংপুর, শেরপুর, ফরিদপুর ও ময়মনসিংহ।
৭। পুলিশ সুপার, ঢাকা, চট্টগ্রাম, কুমিল্লা, কুষ্টিয়া, রংপুর, শেরপুর, ফরিদপুর ও ময়মনসিংহ।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।

১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।